দৈনিক বাংলা

তারিখ ... 11 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ......

৭৭৭

একজন শিক্ষকের আর্জি

# আমি জীবনের নিরাপত্তা চাই

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষক প্রমীর কুমার মন্ডল বলেন, 'আমি নিজ বাড়িতে ফিরে যেতে চাই। ছেলেমেয়ে, স্ত্রী ও আমার জীবনের নিরাপত্তা চাই এবং এদেশের নাগরিক হিসাবে এ মাটিতেই সম্মানের সঙ্গে থাকতে চাই।'

বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন প্রমীর কুমার মন্ডল অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন তার স্ত্রী আরতী বিশ্বাস, ছেলে বিশ্বজিৎ মন্ডল, মেয়ে মিতুরানী।

সম্মেলনে তিনি অভিযোগ করে বলেন, গত ৩ জুন মুন্সিগঞ্জ ইদ্রাকপুর উচ্চ বিদ্যালয় থেকেবাড়ি ফেরার পথে সন্ত্রাসী আনিসুজ্জামানের লোকজন লোহার রড, হকিস্টিক দিয়ে আমাকে প্রচন্ডভাবে মারধর করে। ফলে আমি মারাত্মকভাবে আহত হই। পথচারীরা আমাকে হাসপাতালের জরুরী বিভাগে নিয়ে যায় এবং সেখান থেকে আমাকে ঢাকার একটি ক্লিনিকে ভর্তি করা হয়।' এরপরও সন্ত্রাসীরা আমাকে ও আমার পরিবারকে হত্যা করবে বলে হুমকি দিয়ে যাচ্ছে।

সাংবাদিক সম্মেলনে প্রমীর কুমার মন্ডল আরও বলেন, ঘটনার সূত্রপাত হয়েছে আমার পৈত্রিক এগার শতাংশ সম্পত্তির একটি দোতলা বাড়ি নিয়ে। সন্ত্রাসী আনিসুজ্জামান আমাকে প্রতিনিয়ত এই বলে হুমকি দিচ্ছে যে, দেশ ছাইড়া চইলা যা না হইলে সম্পত্তি সব লেইখা দিতে হইবো।

তিনি জানান এর আগে ১৯৯৫ সালের ২০ সেপ্টেম্বর, আমি স্কুলে গেলে দুপুর বারোটার সময় আনিসুজ্জামান দলবল নিয়ে আড়াই লক্ষ টাকার মালামাল লুট করে এবং স্ত্রী আরতী বিশ্বাসকে তালা বন্ধ করে বেদম প্রহার করে। এ বিষয়ে মুন্সীগঞ্জ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১৫ (৯) ৯৫। কিন্তু থানা থেকে ওসি সাহেব আমাদের কোন সহযোগিতা করেননি।

প্রমীর কুমার বলেন, বর্তমান আমরা মুন্সিগঞ্জ ইসলামপুরে একটি ভাড়া বাড়িতে আছি এবং সন্ত্রাসীরা আমাদের বাড়ি দখল করে রেখেছে। আমি এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর সাহায্যে কামনা করছি।